




চীনের প্রতিনিধিদলের সঙ্গে ডেপুটি স্পিকারের বৈঠক



সংগৃহীত ছবি

চীনের ইউনান পিপলস কংগ্রেসের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের নেতৃত্বাধীন প্রতিনিধি দল।

শুক্রবার (১২ জুন) কুনমিংয়ে অনুষ্ঠিত এ বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে শিল্প ও বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মোক্তাদির, এনসিপির সদস্য সচিব আখতার হোসেনসহ কয়েকজন প্রতিনিধি এবং চীনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত নাজমুল ইসলাম উপস্থিত ছিলেন।

চীনের পক্ষে বৈঠকে নেতৃত্ব দেন ইউনান প্রদেশের পিপলস কংগ্রেসের চেয়ারম্যান ও কমিউনিস্ট পার্টির প্রাদেশিক প্রধান ওয়াং নিং। এছাড়া বিভিন্ন দপ্তরের শীর্ষ কর্মকর্তারাও আলোচনায় অংশ নেন।

বৈঠকে দুই পক্ষের মধ্যে বাংলাদেশ-ইউনান সম্পর্ক আরও জোরদার করার বিষয়ে মতৈক্য হয়। বিশেষ করে স্বাস্থ্য, বাণিজ্য, বিনিয়োগ এবং রোড কানেকটিভিটি সম্প্রসারণ নিয়ে আলোচনা হয়।

বাংলাদেশে স্বাস্থ্য খাতে চীনা বিনিয়োগ বাড়ানোর সম্ভাবনা নিয়েও গুরুত্ব সহকারে আলোচনা করা হয় বলে জানা গেছে।